

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
সেগুনবাগিচা, ঢাকা।

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ/০৯ জুন, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৬২-আইন/২০১১/২৩৪৯/কাস্টমস্।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 13 এর উদ্দেশ্য পূরণকল্পে এবং section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

১। বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৭ প্রতিস্থাপিত হইবে, যথা : -

“৭। লাইসেন্সের মেয়াদ।-

(ক) লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে ২(দুই) বৎসর; এবং

(খ) লাইসেন্সিকে প্রতি বৎসর তদসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অডিট সম্পন্ন করিতে হইবে।”

২। বিধি ৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৮ প্রতিস্থাপিত হইবে, যথা : -

“৮। লাইসেন্স নবায়ন।- লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে লাইসেন্স নবায়ন ফি বাবদ বার্ষিক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে ২(দুই) বৎসরের নবায়ন ফি ট্রেজারী চালানোর মাধ্যমে সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করিয়া প্রয়োজনীয় দলিলাদি সংশ্লিষ্ট এসোসিয়েশনে জমা প্রদান করিলে লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে পরবর্তী মেয়াদের জন্য নবায়িত হইবে এবং সংশ্লিষ্ট এসোসিয়েশন উক্ত নবায়ন সংক্রান্ত তথ্য নবায়নের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কমিশনার (বন্ড) বা সংশ্লিষ্ট কমিশনার বরাবরে প্রেরণ করিবে।”

৩। বিধি ৯ এ উল্লিখিত “নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট নবায়নের আবেদন না করিলে” শব্দগুলির পরিবর্তে “লাইসেন্স নবায়ন সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট এসোসিয়েশন হইতে লাইসেন্স এর মেয়াদ উত্তীর্ণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কমিশনার (বন্ড) বা সংশ্লিষ্ট কমিশনারের দপ্তরে প্রেরণ না করিলে” শব্দগুলি, সংখ্যাটি এবং বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

৪। “পরিশিষ্ট- ০৩” এর “লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলী” অংশে বর্ণিত অনুচ্ছেদ ৮ ও ৯ এর পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ অনুচ্ছেদ ৮ ও ৯ প্রতিস্থাপিত হইবে, যথা : –

“৮. (ক) বিশেষ বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানকে লাইসেন্সের মেয়াদ ১ (এক) বৎসর সমাপ্ত হইবার পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক অডিটের জন্য প্রয়োজনীয় দলিলাদি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে এবং অডিটের লক্ষ্যে প্রস্তুত থাকিতে হইবে।

(খ) উপ-দফা (ক) এর অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত দলিলাদি প্রাপ্ত হইবার পর পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে বার্ষিক অডিট সম্পন্ন করিবে।

(গ) লাইসেন্সি নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় দলিলাদি দাখিল না করিলে এবং অডিটের জন্য প্রস্তুত না থাকিলে কমিশনার (বন্ড) অথবা সংশ্লিষ্ট কমিশনার অবিলম্বে লাইসেন্স সাসপেন্ড করিবেন এবং আইনী কার্যধারা সমাপনান্তে বার্ষিক অডিট সম্পন্ন হওয়া সাপেক্ষে স্বগিতাদেশ প্রত্যাহার করিবেন।

৯. অন্যান্য সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের ক্ষেত্রে লাইসেন্স প্রদানের তারিখের ভিত্তিতে বার্ষিক অডিটের জন্য প্রয়োজনীয় দলিলাদি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট লাইসেন্সের মেয়াদ ১ (এক) বৎসর সমাপ্ত হইবার পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে জমা প্রদান করিতে হইবে।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ জাকির হোসেন)

দ্বিতীয় সচিব (শুধু)।